# মাদরাসা শিক্ষকদের প্রশিক্ষণ বাধ্যতামূলক, অংশ না নিলে কঠোর ব্যবস্থা

**অনলাইন ডেস্ক**

প্রকাশ: ০৬ জুলাই, ২০২৬ ১৯:০১



সংগৃহীত ছবি

মাদরাসা শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণে অংশ নেওয়া বাধ্যতামূলক করা হয়েছে। প্রশিক্ষণের জন্য মনোনীত শিক্ষক এতে অংশ না নিলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়।

সোমবার (৬ জুলাই) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, মাদরাসা শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সময়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) ও সরকারের শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পের মাধ্যমে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। এসব প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে তালিকা প্রস্তুতপূর্বক প্রশিক্ষণার্থী মনোনয়ন দেওয়া হয়ে থাকে।

এতে আরো বলা হয়, প্রশিক্ষণে যেসব শিক্ষকদের মনোনয়ন দেওয়া হবে, তাদেরকে আবশ্যিকভাবে এই

প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শিক্ষক ও মাদরাসা প্রধানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।